

**নাটোর সদর উপজেলা বিশেষ কৃষিক্ষণ কমিটির অক্টোবর/১৫ মাসের সভার কার্যক্রম**

সভাপতি : জনাব মোহাম্মদ নায়িবুজ্জামান, ইউএনও, নাটোর সদর, সদর।

স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নাটোর

সভার তারিখ ও সময় : ২৬/১০/২০১৫ ইং, বিকাল ৩.৩০ মি

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট “ক” তে উল্লেখিত

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। সভার শুরুতে গত ২৯/০৯/১৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন রকম সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃষ্টীকরণ করা হয়। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে বিগত ২০১৪-২০১৫ অর্থ বছরে কৃষিক্ষণ বিতরণ, খেলাপী ঋণ আদায় এবং সার্টিফিকেট মামলার অগ্রগতি ও অন্যান্য বিষয় এবং নতুন অর্থ বছর ২০১৫-২০১৬ এর কৃষিক্ষণ বিতরণ লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রা অর্জনের কৌশল সম্পর্কে আলোচনা এবং তৎপ্রেক্ষিতে সিদ্ধান্ত গৃহিত হয়।

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	কৃষিক্ষণ বিতরণ অগ্রগতি পর্যালোচনা	চলতি ২০১৫- ২০১৬ অর্থ বছরের শুরুতেই সকল ব্যাংক এর কৃষিক্ষণ বিতরণ লক্ষ্যমাত্রা এবং বরাদ্দকৃত লক্ষ্যমাত্রা অর্জনের কৌশল নিয়ে আলোচনা করা হয়। ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা করা এবং লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের কৌশল এবং সকল ব্যাংক এর সাথে সমন্বয় করে ঋণ বিতরণ সম্পর্কে আলোচনা করা হয় এবং সকল শাখাকে লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০০ ভাগ বিতরণের পরামর্শ প্রদান করা হয়। সভাপতি মহোদয় এ খাতে প্রকৃত কৃষকগণকে কোন রকম হয়রানী ব্যতিরিকে অতি দ্রুত ঋণ প্রদানের নিদর্শনা প্রদান করেন। চলতি ২০১৫-১৬ অর্থ বছরে, বিশেষ করে ৪% রেয়াতী সুদে ডাল, তৈলবীজ ও মসলা এবং ভুট্টা চাষের বিপরীতে অধিক পরিমাণে কৃষিক্ষণ বিতরণ কার্যক্রম জোরদার করতে পরিকল্পনা প্রণয়নের পরামর্শ প্রদান করেন।	চলতি বোরো মৌসুমে ঋণ বিতরণ অব্যাহত রাখাসহ সকল ব্যাংকের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের এবং কোন রকম হয়রানী ছাড়াই এ খাতে কম সময়ের মধ্যে প্রকৃত কৃষকদের ঋণ প্রদানের উপস্থিত সিদ্ধান্ত গৃহিত হয়। ৪% রেয়াতী সুদে ডাল, তৈলবীজ ও মসলা এবং ভুট্টা চাষের বিপরীতে অধিক পরিমাণে কৃষিক্ষণ বিতরণ করার সিদ্ধান্ত করা হয়।	সংশিষ্ট সকল ব্যাংক কর্তৃপক্ষ।
০২	কৃষিক্ষণ আদায় অগ্রগতি পর্যালোচনা	ঋণ বিতরণের পাশাপাশি মেয়াদ উত্তীর্ণ ও শ্রেণীকৃত ঋণ আদায়ের জন্য প্রতিটি শাখা হতে জোড়দার প্রচেষ্টা চালাতে হবে এবং তা অব্যাহত রাখতে হবে। বিশেষ করে স্ব-নির্ভর ঋণ আদায়ে জোর প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। প্রয়োজনে প্রশাসনের সহযোগিতা নেয়ার বিষয়ে আলোচনা করা হয়।	কৃষি ও স্ব-নির্ভর ঋণ আদায়ের জোড় প্রচেষ্টা অব্যাহত রাখার এবং প্রয়োজনে প্রশাসনের সহযোগিতা নেয়ার সিদ্ধান্ত গ্রহীত হয়।	সংশিষ্ট সকল ব্যাংক কর্তৃপক্ষ।